**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/4/2021 **গভর্নর ক্যাথি হোকল**

## প্রশাসনে মনোনয়ন ও সুপারিশ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ প্রশাসনে নতুন মনোনয়ন ও সুপারিশ ঘোষণা করেছেন।

"আগামী দিনগুলোতে নিউ ইয়র্ক গুরুতর চ্যালেঞ্জের সম্মুখীন হতে যাচ্ছে, এবং আমাদের এমন শক্তিশালী, অভিজ্ঞ নেতৃত্বের প্রয়োজন যাদের জানা রয়েছে যে কিভাবে স্থানীয় অংশীদারদের সাথে কাজ করতে হয় এবং ফলাফল পৌঁছে দিতে হয়," **বলেছেন গভর্নর হোকল।** "বিভিন্ন ধরনের অভিজ্ঞতা ও পটভূমি সমৃদ্ধ, রবার্ট রডরিগেজ, রোজানা রোসেডো, ও মিনোস্কা আলক্যান্ট্রাকে আমি যেসব পদের জন্য সুপারিশ করেছি সেগুলোর জন্য তাদের চেয়ে বেশি উপযুক্ত অন্য কেউ হতে পারতো না। মহামারী থেকে সেরে উঠে নিউ ইয়র্ককে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার এই সময়ে আমি এসব ব্যক্তির সাথে কাজ করার প্রতীক্ষায় রয়েছি।"

**রবার্ট জে. রডরিগেজ** নিউ ইয়র্কের 68তম **সেক্রেটারি অব স্টেট** মনোনীত হবেন। মি. রডরিগেজ একজন অনন্য যোগ্যতাসম্পন্ন নেতা ও আইনপ্রণেতা, যার ঝুলিতে জনকল্যাণমূলক অবকাঠামো প্রকল্প উন্নয়ন, ভালো বেতনের কর্মসংস্থান তৈরি এবং ঐতিহাসিকভাবে যথাযথ প্রতিনিধিত্ব না থাকা সংখ্যালঘু এবং নিম্ন-আয়ের কমিউনিটিগুলোর আর্থিক বৈষম্য মোকাবেলার বিষয়ে বিনিয়োগ করার উপর কৌশলগতভাবে জোর দেয়া নাগরিক ও আইনি সফলতা বিদ্যমান রয়েছে। স্টেট ও স্থানীয় সরকার, এবং উত্তরপূর্ব ও মধ্যপশ্চিম অঞ্চলের পরিবহন ইস্যুকারীদের আর্থিক পরিকল্পনা, ক্রেডিট রেটিং সংক্রান্ত কৌশল, ঋণ ইস্যু করার লেনদেন নিয়ন্ত্রণ ও নির্বাহ করা, সম্পদের দায়বদ্ধতার ব্যবস্থাপনা এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদানের ক্ষেত্রে মি. রডরিগেজ একজন বিশেষজ্ঞ। একজন আইনপ্রণেতা হিসেবে, মি. রডরিগেজ নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির একজন সদস্য, লেজিসলেটিভ টাস্ক ফোর্স অন ডেমোগ্রাফিক রিসার্চ এন্ড রিঅ্যাপোর্শনমেন্ট (Legislative Task Force on Demographic Research and Reapportionment) এর সহ-সভাপতি, অবকাঠামো সংক্রান্ত অ্যাসেম্বলির সাব-কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি এবং পথ ও উপায়, আবাসন, শ্রম, ব্যাংকিং, কর্পোরেশন ও কর্তৃপক্ষ এবং মানসিক স্বাস্থ্য বিষয়ক অ্যাসেম্বলি কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। বেসরকারি খাতে, মি. রডরিগেজ দেশের নেতৃস্থানীয় মিউনিসিপ্যাল আর্থিক পরামর্শদাতা, পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (Public Financial Management) এর একজন ডিরেক্টর। PFM-এর আগে মি. রডরিগেজ A.C. অ্যাডভাইজরি, ইনক. (A.C. Advisory, Inc.) এর একজন ভাইস-প্রেসিডেন্ট ছিলেন এবং ব্লুমবার্গ এলপি (Bloomberg LP)-তে বিভিন্ন ব্যবস্থাপনা ও কার্যপরিচালনা সংক্রান্ত পদে অধিষ্ঠিত ছিলেন। একজন নাগরিক নেতা হিসেবে, মি. রডরিগেজ ম্যানহাটন কমিউনিটি বোর্ড 11 (Manhattan

Community Board 11)-এর সভাপতি এবং আপার ম্যানহাটন এমপাওয়ারমেন্ট জোন (Upper Manhattan Empowerment Zone)-এর পরিচালনা বোর্ডের একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করা ছাড়াও বেশকিছু স্বেচ্ছামূলক বোর্ডে দায়িত্ব পালন করেছেন। মি. রডরিগেজ ইয়েল ইউনিভার্সিটির (Yale University) একজন গ্র্যাজুয়েট, যেখানে তিনি ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান বিষয়ে B.A. ডিগ্রি অর্জন করেন এবং তিনি নিউ ইয়র্ক ইউনিভার্সিটির (New York University) স্টার্ন বিজনেস স্কুলেরও একজন গ্র্যাজুয়েট যেখানে তিনি ফিন্যান্স বিষয়ে MBA ডিগ্রি অর্জন করেন।

**রোজানা রোসেডো নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS)-এর কমিশনার হিসেবে মনোনীত হবেন।** মিস. রোসাডো নিউ ইয়র্কের 67তম সেক্রেটারি অব স্টেট হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার নেতৃত্ব ডিপার্টমেন্ট অব স্টেটকে (Department of State) স্টেট সরকারের সবচেয়ে গতিময় সংস্থাগুলোর একটিতে পরিণত করেছে। তিনি DOS-কে একটি আধুনিক পুনর্গঠনের মধ্য দিয়ে নিয়ে গেছেন, যার মধ্যে উদ্ভাবনমূলক স্থানীয় সরকার ও পেশাগত লাইসেন্সিং কর্মসূচিসমূহ অন্তর্ভুক্ত ছিল। 2017 সালে, মিস. রোসাডো কাউন্টি ব্যাপী শেয়ারকৃত পরিষেবা উদ্যোগ (County Wide Shared Services Initiative) বাস্তবায়ন করেন, যার ফলে এর প্রথম বছরে 34টি সুনির্দিষ্ট কাউন্টি পরিকল্পনা জমা দেয়া হয়েছিল। এছাড়াও, অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans)-এর মাধ্যমে, তিনি অভিবাসী নিউ ইয়র্কবাসীদের গুরুত্বপূর্ণ আইনি সেবা প্রদানের জন্য লিবার্টি ডিফেন্স প্রজেক্ট (Liberty Defense Project) নামক একটি সরকারি-বেসরকারি উদ্যোগ চালু করেছিলেন। DOS-এ যোগ দেয়ার আগে, মিস. রোসাডো 27 বছর ধরে নিউ ইয়র্কের মিডিয়ায় একটি প্রভাবশালী শক্তি ছিলেন। একজন উচ্চ-পর্যায়ের সম্মানিত সাংবাদিক ও একজন পুরস্কারপ্রাপ্ত প্রযোজক হিসেবে, মিস. রোসাডো ছিলেন মহিলাদের জন্য একজন পথপ্রদর্শক। তিনি ছিলেন প্রথম মহিলা যিনি দেশের সবচেয়ে বেশি বয়সী স্প্যানিশ ভাষার সংবাদপত্র এবং উত্তরপূর্ব অঞ্চলে স্প্যানিশ ভাষার সর্ববৃহৎ দৈনিক সংবাদপত্র, *এল ডিয়ারিও লা প্রেসনা (El Diario La Prensa)* এর প্রধান সম্পাদক, এবং তারপর প্রকাশক ও CEO হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার 18-বছরের দায়িত্ব পালনের সময়কালের মধ্যে, তিনি সংবাদপত্রটিকে সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচারের ক্ষেত্রে একটি নেতৃস্থানীয় সত্ত্বা হিসেবে প্রতিষ্ঠিত করেন। জনগণের একজন সেবক হিসেবে মিস. রোসাডোর নিবেদিত প্রচেষ্টা সুদূর প্রসারী। তিনি এক দশকের বেশি সময় ধরে কারাবন্দীদের পুনঃপ্রবেশ সংক্রান্ত বিষয়গুলোর সম্মুখভাগে ছিলেন এবং তিনি নিউ ইয়র্কবাসীদের কমিউনিটিতে পুনঃপ্রবেশ ও পুনঃএকীভূতকরণ বিষয়ক কাউন্সিল (Council on Community Re-entry and Reintegration of New Yorkers)-এর গর্বিত সহ-সভাপতি, যে কাউন্সিল একটি উচ্চাকাঙ্ক্ষী ফৌজদারি বিচার পুনর্গঠন এজেন্ডার অংশ হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। এছাড়াও, তিনি কারারুদ্ধ ব্যক্তিদের জন্য বার্বারিং প্রোগ্রাম পুনঃপ্রতিষ্ঠা ও সম্প্রসারণের জন্য ডিপার্টমেন্ট অব স্টেট, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision) এবং স্টেটের শিক্ষা বিভাগের (Education Department) মধ্যকার একটি সহযোগিতামূলক প্রচেষ্টার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। এই উদ্যোগ কারাগার থেকে ছাড়া পাওয়ার আগে শিক্ষা, কর্মের দক্ষতা এবং স্টেটের অকুপেশনাল লাইসেন্স পাওয়ার সুযোগ প্রদান করার মাধ্যমে পুনঃপ্রবেশের জটিল উত্তরণ প্রক্রিয়াকে সহজতর করে তোলে। মিস. রোসাডো এমি, NY উইমেন্স এজেন্ডার (NY Women's Agenda) তরফ থেকে

একটি স্টার অ্যাওয়ার্ড, পিবডি অ্যাওয়ার্ড ফর জার্নালিজম, এবং NY প্রেস ক্লাব প্রেসিডেন্টস অ্যাওয়ার্ড সহ অসংখ্য পুরস্কার অর্জন করেছেন। নিউ ইয়র্কের একজন স্থানীয় বাসিন্দা, মিস. রোসাডো পেস ইউনিভার্সিটি (Pace University) থেকে সাংবাদিকতা বিষয়ে তার B.A. ডিগ্রি অর্জন করেন এবং CUNY-র জন জে কলেজ থেকে ফৌজদারি বিচার বিষয়ে MA ডিগ্রি অর্জন করেন। মিস. রোসাডো সিনেট কর্তৃক নিশ্চিতকরণের আগ পর্যন্ত ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন।

গভর্নর হোকল **নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটির (New York State Bridge Authority)** কমিশনারদের কাছে **মিনোস্কা আলক্যান্ট্রাকে এক্সিকিউটিভ ডিরেক্টর**হিসেবে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেছেন। ড. মিনোস্কা আলক্যান্ট্রা MTA কনস্ট্রাকশন এন্ড ডেভেলপমেন্ট (MTA Construction & Development)-এর চিফ অব প্রজেক্ট শিডিউলিং এবং নিউ ইয়র্ক সিটির সমতাপূর্ণ কর্মসংস্থান সংক্রান্ত প্রচলন বিষয়ক কমিশনের (Equal Employment Practices Commission) কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বৃহৎ, নগর প্রকল্প ও নির্মানকাজের ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতাসম্পন্ন একজন অভিজ্ঞ সিভিল ইঞ্জিনিয়ার। মিস. আলক্যান্ট্রা স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্থাপত্য, অবকাঠামো এবং বর্জ্য পানি ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন ধরনের প্রকল্পে লিড কস্ট/শিডিউল ইঞ্জিনিয়ার হিসেবে কর্মরত ছিলেন। ড. আলক্যান্ট্রা শিক্ষা খাতের প্রতিও অঙ্গীকারাবদ্ধ রয়েছেন। বর্তমানে তিনি সামার সায়েন্স প্রোগ্রাম (Summer Science Program, SSP) এবং হাডসন রিভার কমিউনিটি সেইলিং (Hudson River Community Sailing, HCRS) প্রোগ্রামের একজন বোর্ড সদস্য। আরবানা-শ্যাম্পেইনের ইউনিভার্সিটি অব ইলিনয়িসে (University of Illinois) তিনি কিন্ডারগার্টেন থেকে গ্রেড 16-এর শিক্ষার্থীদের STEM এর সাথে সম্পৃক্ত করে এমন কর্মসূচিগুলোর নকশা, বাস্তবায়ন ও সম্প্রসারণ করেছেন, বিশেষ করে মহিলাদের এবং STEM-এ যথাযথ প্রতিনিধিত্ব নেই এমন গ্রুপগুলোর অন্যান্য শিক্ষার্থীদের জন্য। তিনি ইউনিভার্সিড্যাড ন্যাসিওনাল পেড্রো হেনরিকুয়েজ উরেনা (Universidad Nacional Pedro Henriquez Ureña) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে BS ডিগ্রি, GWU থেকে কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিষয়ে MA ডিগ্রি, এবং কলম্বিয়া বিশ্ববিদ্যালয় (Columbia University) থেকে EdM ও EdD ডিগ্রি অর্জন করেছেন। তিনি তিন সন্তানের মা, যাদের সবাই ইঞ্জিনিয়ার হওয়ার জন্য তার পদাঙ্ক অনুসরণ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন